“আমরা আলমডাঙ্গার সন্তান” সংগঠনের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি

আলমডাঙ্গায় সামাজিক সংগঠন ‘আমরা আলমডাঙ্গার সন্তান’ এর উদ্যোগে “সবুজায়ন ও সৌন্দর্য্যবৃদ্ধি” কর্মসূচীর অংশ হিসেবে আলমডাঙ্গা কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে বৃক্ষরোপণ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকালে এই বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সরকারি স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ইলিয়াস হোসেন, শেখ আব্দুল জব্বার,খোঃ শান্তন, শেখ আমিনুল ইসলাম (লিন্টু), মোশতাক আহমেদ (অঞ্জন), মেহেদী হাসান, আব্দুল্লাহ আল মামুন সোহেল, খোঃ এনায়েত সালেহীন (খসরু), রেজোয়ানুল আবেদ তুষার, খোঃ আলিফ, মাহাদী হোসেন মহান সহ আরও অনেকে।

ঢাকাস্থ আলমডাঙ্গার বসবাসকারী বিভিন্ন শ্রেণী পেশার মানুষেরা ঐক্যবদ্ধ হয়ে নিজ জন্মভূমির জন্য ভাল কিছু করার প্রত্যাশা নিয়ে গড়ে তুলেছে সামাজিক সংগঠন আমরা আলমডাঙ্গার সন্তান। “আলমডাঙ্গার মানুষের মঙ্গলের জন্য,সেবামূলক কর্মকাণ্ড নিয়ে এগিয়ে যাবে এই সংগঠন ” বলে প্রত্যয় ব্যক্ত করেছেন সংগঠনের সদস্যরা ও সমাজের সুধীজন।

আলমডাঙ্গা বাউল সাধুগুরু ফাউন্ডেশনের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান

আলমডাঙ্গা বাউল সাধুগুরু ফাউন্ডেশনের উদ্যোগে শরৎকালীন সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৬টার সময় আলমডাঙ্গার স্টেশনরোডে বাউল সাধুগুরু ফাউন্ডেশনের অফিসে পুরস্কার বিতরণী পূর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন, আলাউদ্দিন বাউল সাধুগুরু ফাউন্ডেশনের পরিচালক কবি গোলাম রহমান চৌধুরী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলার সুযোগ্য উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম। তিনি বলেন, আপনারা যারা সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত তারা সবসময় নিজেদেরকে সঠিক পথে চলার চেষ্টা করেন। আমি আশা করবো আলমডাঙ্গা সাংস্কৃতিক অঙ্গনে আপনাদের উপস্থিতি সকলকে বিকশিত করবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, একরামুদৌল্লা ঝিন্টু। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন পলাশ আহমেদ, ইয়ামিন আলী, শফিকুর রহমান জীবন, পলাশ আহমেদ, কবি সিদ্দিকুর রহমান, জয়ন্ত বিশ্বাস, রাজিব, ইসমাইল হোসেন, ইয়ামিন আলী, রফি উদ্দিন, বাবলু, প্রমুখ।

সংগঠনের পক্ষ থেকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কে প্রধান অতিথি হিসেবে ক্রেস্ট তুলে দেয়া হয়। প্রধান অতিথি সকল শিল্পীদের বিশেষ পুরষ্কারে ভূষিত করেন।

মেহেরপুরের শ্যামপুরে বিএনপির উদ্যোগে দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে জেলা বিএনপির উদ্যোগে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১ অক্টোবর) সকাল ১০টায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের আয়োজনে এ কর্মসূচি পালিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান

বলেন, “তারেক রহমানের ৩১ দফা দাবি আদায়ের লক্ষ্যে আমরা কাজ করে যাচ্ছি। জনগণের মৌলিক অধিকার ও সুচিকিৎসা নিশ্চিত করাই আমাদের উদ্দেশ্য। তারেক রহমানের নির্দেশেই আমরা সব কার্যক্রম পরিচালনা করছি।

এ সময় স্থানীয় শতাধিক মানুষ চিকিৎসা সেবা নেন এবং প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে সংগ্রহ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইলিয়াস হোসেন। উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু,সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুল হামিদ খান গাজু ও সাংগঠনিক সম্পাদক সৌরভ উদ্দিন

শ্যামপুর ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি ফজলুর রহমান ৬ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি শাহজাহান মাস্টার বিএনপি নেতা সুইট জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহসহ দলীয় অন্যান্য নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ বলেন, “জনগণের দুঃখ-দুর্দশায় পাশে দাঁড়ানোই বিএনপির মূল লক্ষ্য। ক্ষমতা নয়, মানুষের কল্যাণই আমাদের রাজনীতির মূল উদ্দেশ্য। তাই এ ধরনের মানবিক কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।”

মেহেরপুরে উপজেলা প্রশাসনের উদ্যোগে গাছের চারা বিতরণ

তারুণ্যের উৎসব উদযাপন উপলক্ষে সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুরের আমদহ ইউনিয়নে গাছের চারা বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে আমদহ ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম।

এ সময় তিনি বলেন, একটি গাছ সকলের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি দুর্দিনে বন্ধুর মতো পাশে দাঁড়ায়। তাই গাছ লাগান, পরিবেশ বাঁচান।

এছাড়াও এসময় আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রওশন আলী টোকন, প্রশাসনিক কর্মকর্তা সালমা পারভীন, ইউপি সদস্য আক্কাস আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় যুব ফোরামের উদ্যোগে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি শুরু

আলমডাঙ্গায় যুব ফোরামের উদ্যোগে খুলনা বিভাগের ১০ জেলায় মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা ও পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে যুব ফোরামের খুলনা বিভাগীয় উদ্যোগে মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির যাত্রা শুরু হয়েছে। খুলনা বিভাগের ১০ জেলায় এ কর্মসূচি বাস্তবায়িত হবে। গতকাল সকাল দশটার দিকে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, যুব ফোরাম খুলনা বিভাগীয় কমিটির সভাপতি মোঃ আসাদুজ্জামান লিমন।

উদ্বোধনী বক্তব্যে যুব ফোরাম এর সভাপতি মোঃ আসাদুজ্জামান লিমন বলেন, জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় আমরা জলবায়ু যোদ্ধা হিসেবে কাজ করে যাচ্ছি। এরই ধারাবাহিকতায় খুলনা বিভাগের দশটি জেলায় মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। আজকের উদ্বোধনী কর্মসূচির অংশ হিসেবে আমরা এখানে ফলজ, বনজ ও ঔষধি গাছ রোপণ করেছি। আমাদের লক্ষ্য শুধু গাছ রোপণ নয়, আগামী প্রজন্মের জন্য একটি সবুজ ও টেকসই পরিবেশ গড়ে তোলা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এম সবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ সিদ্দিকুর রহমান। বিশেষ

অতিথি ছিলেন, যুব ফোরাম খুলনা বিভাগীয় কমিটির উপদেষ্টা মোঃ আজিজুর রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন, যুব ফোরাম চুয়াডাঙ্গা জেলার সভাপতি শাহরিয়ার হোসেন জয়, সাধারণ সম্পাদক মোঃ ঈশান বাবু, যুগ্ম সম্পাদক তানিয়া আফরোজ, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী এবং যুব ফোরামের সদস্যরা।

প্রধান শিক্ষক মোঃ সিদ্দিকুর রহমান এ সময় যুব ফোরামের এ মহৎ উদ্যোগের প্রশংসা করে বলেন, “মাসব্যাপী এ বৃক্ষরোপণ কর্মসূচি পরিবেশ সংরক্ষণে উল্লেখযোগ্য অবদান রাখবে। যুব ফোরামের পক্ষ থেকে এমন কার্যক্রম আমাদের সমাজের জন্য অত্যন্ত অনুপ্রেরণাদায়ক। যুব ফোরাম এর সভাপতি মোঃ আসাদুজ্জামান লিমনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

যুব ফোরামের পক্ষ থেকে জানানো হয়েছে, মাসব্যাপী এ কর্মসূচির আওতায় প্রতিটি জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, গ্রামীণ এলাকা এবং জনসাধারণের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছ রোপণ করা হবে। এ উদ্যোগের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সবুজ, সুন্দর ও সুস্থ পরিবেশ গড়ে তোলাই যুব ফোরামের মূল লক্ষ্য।

আলমডাঙ্গা স্ট্যন্ডার্ড ব্যাংকের উদ্যোগে তারুণ্যের উৎসব উৎযাপন

স্ট্যান্ডার্ড ব্যাংকের আলমডাঙ্গা শাখার উদ্যোগে তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে গ্রাহক সেবা পক্ষ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল দশটার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজ মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন, ব্যাংকের শাখা ব্যবস্থাপক আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সরকারি কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহকারী অধ্যাপক আব্দুল মোনয়েম। বিশেষ অতিথি ছিলেন, সহকারি অধ্যাপক সাইদুর রহমান, শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক মহিতুর রহমান।

শিক্ষক পরিষদের সহ সম্পাদক ডঃ মাহবুব আলমের সঞ্চালনায় বক্তব্য রাখেন, স্ট্যান্ডার্ড ব্যাংকের পিএলসি আলমডাঙ্গা শাখার বিনিয়োগ কর্মকর্তা শরিফুল ইসলাম। স্ট্যান্ডার্ড ব্যাংকের ব্যবস্থাপক আনোয়ার হোসেন বলেন, ব্যাংকের মূল লক্ষ্য ছিল যুব সমাজকে ব্যাংকিং সেবা ও তরুণ উদ্যোক্তাদের অর্থায়নের প্রতি উৎসাহিত করা ও ডিজিটাল লেনদেন সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করা। তারুণ্যের উৎসবের আলোচনা সভায় প্রায় দুই শতাধিক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় আলোকিত মাধবপুর সংগঠনের উদ্যোগে খেজুরগাছ রোপণ

আলমডাঙ্গায় আলোকিত মাধবপুর সংগঠন উদ্যোগে এলাকায় স্বেচ্ছাশ্রমে খেজুরগাছ রোপণ করেছে।

পরিবেশের বাস্তুরীতি এবং ভারসাম্য রক্ষায় খেজুর গাছের অবদান অপরিসীম। খেজুরের রস দাক্ষাশর্করা হিসেবে মানব দেহে শর্করার চাহিদা মেটাতে সাহায্য করে। রস অতিস্বাদের পানীয়। খেজুর ফলে প্রচুর পরিমানে প্রোটিন যুক্ত হওয়ায় মানুষের জৈবিক ও দৈহিক শক্তির যোগান দেয়। খেজুর পাতা পাটি, বিছানা, ঘর, ঝাড়ু তৈরি করতে ব্যাবহৃত হয়। খেজুর গাছ খড়ি হিসেবেও ব্যাবহার করা হয়।

খেজুর, তাল, নারিকেল গাছ বজ্রনিরোধক হিসেবেও কাজ করে। আকাশের মেঘ আকর্ষণ করে বৃষ্টি ঝরায়। খেজুর গাছের এই সব উপকারীতা উপলব্ধি করে এলাকার যুব সমাজ স্বেচ্ছা শ্রমে নিজ অর্থায়নে রাস্তার দুপাশে খেজুর গাছ লাগিয়েছিলেন।

এই বৃক্ষরোপণ কর্মসূচি তে উপস্থিত ছিলেন, আলোকিত মাধবপুর সংগঠনের সভাপতি রাসেল আহমেদ, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন আলমডাঙ্গা উপজেলা শাখার সাধারণ সম্পাদক সহিদুল ইসলাম, মাধবপুর মডেল হাইস্কুলের প্রধান শিক্ষক আশরাফ জাহান আবেদ, মাধবপুর ওয়ার্ড

ইউপি সদস্য আনিছুর রহমান, জামায়াতে ইসলামীর ওয়ার্ড সেক্রেটারি সজীব আহমেদ, মোঃ মেহেদী হাসান মাসুম, মোঃ রফিকুল ইসলাম, মোঃ জীবন প্রমুখ।

আলমডাঙ্গা পৌরসভার উদ্যোগে ফুটপাত অবৈধ দখল মুক্ত অভিযান

আলমডাঙ্গা পৌরসভার সুযোগ্য জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট শেখ মেহেদী ইসলাম আলমডাঙ্গা পৌর এলাকায় ফুটপাত দখলমুক্ত অভিযান পরিচালনা করেন।

গতকাল সকাল সাড়ে ১০ টার দিকে এই অভিযান পরিচালনা কালে আলমডাঙ্গা হলুদপটিতে ফুটপথ ও ড্রেনের উপর রাখা বিভিন্ন মালামাল জব্দ করেন এবং সকলকে ফুটপাথ ও ড্রেনের উপর কোন ব্যাবসায়ীদের মালামাল না রাখার জন্য নির্দেশ প্রদান করেন। সেই সাথে যত্রতত্র মোটর সাইকেল, পাখি ভ্যান, আলমসাধু পার্কিং না করার জন্য পথচারী, ব্যাবসায়ীগন ও গাড়ী চালকদের পরামর্শ দেন এবং পরিচ্ছন্ন ও যানজটমুক্ত নগর গড়ে তোলার প্রত্যাশায় সকলের সহযোগীতা কামনা করেন।

পৌর প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম জানিয়েছেন, এই উদ্যোগ এককালীন নয়, বরং ধারাবাহিকভাবে চলতে থাকবে। প্রধান সড়ক, সোনাপট্টি সড়ক, হলুদ পট্টি, মাছবাজার এবং আলিফউদ্দিন রোড এলাকায় এই কার্যক্রম পরিচালিত হয়েছে। অভিযানের সময় অবৈধভাবে পার্কিং করা পাখিভ্যান জব্দ করা হয় এবং রাস্তার উপর রাখা দোকানের মালামালও সরিয়ে নেওয়া হয়।

আলমডাঙ্গা পৌর বাজারে ফুটপাত দখলমুক্ত অভিযানে অগ্রণী ভূমিকা রাখছেন প্রশাসক শেখ মেহেদী ইসলাম। পথচারীদের চলাচল নির্বিঘ্ন করতে আলমডাঙ্গা পৌরসভা বাজারে শুরু হয়েছে ফুটপাত দখলমুক্ত অভিযান। পৌর প্রশাসক শেখ মেহেদী ইসলামের নেতৃত্বে বাজার এলাকায় শৃঙ্খলা ফিরিয়ে আনার কার্যক্রম ইতিমধ্যেই সাধারণ মানুষের প্রশংসা কুড়িয়েছে। সুস্থ ও সুন্দর নগর জীবনের জন্য এ উদ্যোগকে সবাইকে

সহযোগিতা করার আহ্বান।

আলমডাঙ্গায় জামায়াতে ইসলামীর উদ্যোগে নির্বাচনী পোলিং এজেন্ট প্রশিক্ষণ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর চুয়াডাঙ্গা-১ আসনের মনোনীত প্রার্থী ও জেলা সহকারী সেক্রেটারি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল বলেছেন, কোনো হুমকি-ধামকি কিংবা ভয়ভীতি দেখিয়ে জামায়াতের এই গণজোয়ারকে থামানো যাবে না।

আজ শুক্রবার সকালে আলমডাঙ্গার হাজী মোড়স্থ লায়লা কনভেনশন হলে উপজেলা জামায়াতের উদ্যোগে কেন্দ্রভিত্তিক প্রধান পোলিং এজেন্টদের নিয়ে আয়োজিত কর্মশালায় তিনি এ কথা বলেন। অ্যাডভোকেট রাসেল আরও বলেন, আমাদের অনেক ভাইকে গুম, ক্রসফায়ার ও ফাঁসির মাধ্যমে হত্যা করা হয়েছে, তবুও আমরা পিছপা হইনি। আমাদের লক্ষ্য একমাত্র আল্লাহর সন্তুষ্টি। তিনি পোলিং এজেন্টদের উদ্দেশ্যে বলেন, প্রত্যেক কেন্দ্রে পোলিং এজেন্টদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। যেকোনো পরিস্থিতি মোকাবেলায় সর্বোচ্চ সজাগ থাকতে হবে।

অনুষ্ঠানে জেলা যুব বিভাগের সভাপতি শেখ নুর মুহাম্মদ হুসাইন টিপুর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা সহকারী সেক্রেটারী ও আইবিডব্লিউএফ সভাপতি আব্দুল কাদের, আইন-আদালত বিষয়ক সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী দারুস সালাম, উপজেলা আমীর প্রভাষক শফিউল আলম বকুল, পৌর আমীর মাহের আলী, নায়েবে আমীর ইউসুফ আলী মাস্টার, থানা সেক্রেটারী মামুন রেজা, যুব সেক্রেটারী তরিকুল ইসলাম এবং তারবিয়াত সেক্রেটারী বিলাল হোসাইন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচনী সদস্য সচিব কাইয়ুম উদ্দিন হিরক।

আলমডাঙ্গা উপজেলা জামায়াতের উদ্যোগে নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা উপজেলা শাখার উদ্যোগে ওয়ার্ড পর্যায়ের দায়িত্বশীলদের নিয়ে এক নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩টায় আলমডাঙ্গা উপজেলা জামায়াত কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাচন বিভাগের পরিচালক মুহা. মামুন রেজা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী, জেলা সহকারী সেক্রেটারি ও চুয়াডাঙ্গা জর্জ কোর্টের এপিপি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “দেশের বেকার যুবসমাজকে কর্মসংস্থানের সুযোগ তৈরি করে একটি ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করতে হবে। সমাজে বৈষম্য দূর করে ন্যায়ের ভিত্তিতে রাষ্ট্র গঠনই আমাদের লক্ষ্য।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচন পরিচালক ও জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন ও আদালত বিষয়ক সম্পাদক ও নাগদাহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান দারুস সালাম, উপজেলা জামায়াতের আমীর ও আলমডাঙ্গা মহিলা ডিগ্রি কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক শফিউল আলম বকুল।

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা তারবিয়াত সেক্রেটারি বিলাল হুসাইন, দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম, যুব বিভাগের সভাপতি তরিকুল ইসলাম, আইন ও আদালত সম্পাদক মোহাম্মদ আলী, মানব সম্পদ সম্পাদক শফিউজ্জামান মিঠুসহ উপজেলার বিভিন্ন ইউনিয়নের আমীর-সেক্রেটারি ও ওয়ার্ড পর্যায়ের সভাপতি ও দায়িত্বশীলগণ। কর্মশালায় বক্তারা আসন্ন উপজেলা ও জাতীয় নির্বাচনে সংগঠনের কৌশল, কর্মপরিকল্পনা এবং মাঠ পর্যায়ের সংগঠন শক্তিশালীকরণের ওপর গুরুত্বারোপ করেন।